# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৪২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, সালাতুল উসতা বা মধ্যবর্তী সালাত হলো ফজরের সালাত তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن صَلَاةَ الْوُسْطَى صَلَاةُ الْغَدَاةِ

আরবী

1742 ـ أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ عَلِيِّ بْنِ عَبْدِ الْعَزِيزِ الْعُمَرِيُّ بِالْمَوْصِلِ حَدَّثَنَا مُعَلَّى بْنُ مَهْدِيٍّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ عَاصِمٍ عَنْ زِرٍّ عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ يَوْمَ الْخَنْدَقِ: (شَغَلُونَا عَنْ صَلَاةِ الْوُسْطَى مَلَأَ اللَّهُ بُيُوتَهُمْ وبطونهم ناراً) وهي العصر.

الراوي : عَلِيِّ بْن أَبِي طَالِبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1742 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (437)، ((تخريج فقه السيرة)) (301): ق.

বাংলা

১৭৪২. আলী বিন আবী তালিব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খন্দক যুদ্ধের দিন বলেছেন, “ওরা আমাদেরকে মধ্যবর্তী সালাত আদায় করা থেকে বিরত রেখেছে। আল্লাহ তাদের গৃহ ও উদর আগুনে পরিপূর্ণ করে দিন।” মধ্যবর্তী সালাত হলো আসরের সালাত।[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ৬৮৪; আবূ ইয়ালা: ২/২৬; আত তায়ালিসী: ১৬৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৭৩-১৭৪; সুনান বাইহাকী: ১/৪৬০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৮৭; মুসনাদ আহমাদ: ১/১২২; সহীহ আল বুখারী: ২৯৩১; সহীহ মুসলিম: ৬২৭; দারেমী: ১/২৮০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৮৮; তিরমিযী: ২৯৮৪; নাসাঈ: ১/২৩৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২১৯৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ : ৪৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90958

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন